

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী সভার কার্যবিবরণী

সভাপতি : পরিচালক (প্রশাসন) ও চীফ ই-গভর্ন্যান্স ও ইনোভেশন অফিসার, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
স্থান : পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ।
তারিখ : ১৩/১২/২০২১ খ্রিঃ তারিখ।
সময় : বেলা ০৩.০০ টায়।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে সভা শুরু করেন। তিনি চলমান কাজের ধারাবাহিকতা বজায় রেখে ২০২১-২২ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও কাজের মান বৃদ্ধি করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভাপতির অনুমতিক্রমে উপ-পরিচালক (প্রশাসন) সভার আলোচ্যসূচি অনুযায়ী প্রতিটি বিষয় উপস্থাপন করেন এবং জনাব ফরিদা ইয়াসমিন, নার্সিং অফিসার (সমন্বয়) প্রতিটি আলোচ্য বিষয় বাস্তবায়নকারী কর্মকর্তাগণের কার্যক্রম সম্পাদনের জন্য সুচিন্তিত মতামত দেন।

সভার আলোচ্য বিষয়সমূহের আলোচনা ও গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করার জন্য আলোচনা করা হয়।	ইনোভেশন কমিটির মতামতের ভিত্তিতে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সূচক ও সময় অনুযায়ী বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন) ডিজিএনএম
২	ই-নথির ব্যবহার বৃদ্ধি	ই-নথির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে অত্র অধিদপ্তরের সকল কর্মকর্তাগণকে ই-নথির ব্যবহারের দক্ষতা বৃদ্ধি করার বিষয়ে আলোচনা করা হয়।	ই-নথির কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে অত্র অধিদপ্তরের সকল কর্মকর্তাগণকে ই-নথি ব্যবহারে দক্ষতা বৃদ্ধি এবং ই-নথির মাধ্যমে নথি উপস্থাপন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন) ডিজিএনএম
		ই-নথির ব্যবহার বৃদ্ধি লক্ষ্যে অত্র অধিদপ্তরে গঠিত কমিটির সকল সদস্যগণের সঙ্গে মতবিনিময়ের মাধ্যমে ই-নথির ব্যবহার বৃদ্ধির অগ্রগতির বিষয়ে পর্যালোচনা করা হয়।	ই-নথির ব্যবহার বৃদ্ধি আরো বেগবান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ই-নথি মনিটরিং ও বাস্তবায়ন কমিটি
৩	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত বাজেট	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন প্রকল্প পাইলটিং, প্রশিক্ষণ, কর্মশালার জন্য বাজেট বরাদ্দের বিষয়ে আলোচনা করা হয়।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন প্রকল্প পাইলটিং, প্রশিক্ষণ, কর্মশালার জন্য প্রয়োজনীয় বাজেট বরাদ্দের জন্য সংশ্লিষ্ট শাখাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (অর্থ ও বাজেট) ডিজিএনএম -ইনোভেশন ফোকাল পয়েন্ট
৪	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত প্রশিক্ষণ	সভাপতি মহোদয়ের নির্দেশে বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত প্রশিক্ষণ ২০২১-২০২২ এর সকল সূচক	কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবন প্রশিক্ষণ প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন) ডিজিএনএম -ইনোভেশন ফোকাল পয়েন্ট

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		মোতাবেক সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়।		

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


১০/১/২২

মোঃ নাসির উদ্দিন

উপসচিব


পরিচালক (প্রশাসন)

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

তারিখঃ ১০/০১/২০২২খ্রিঃ

নং-৪৫.০৩.০০০০.০০৫.৯৯.০০১.১৯- ২৩/১ (৫)
অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) স্বাস্থ্য শিক্ষা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন টিম (সকল সদস্য) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রশাসনিক কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
- ৫। হিসাবরক্ষন কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
- ৬। উপ-পরিচালক, পিএমআইএস (পত্রটি সেবা বক্সে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
- ৮। জনাব.....।


১০/১/২২
সহকারী পরিচালক (সমন্বয়)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর